

# 💵 সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ২১৫৮

التجارات) ३২/ व्यवंत्रां-वां (کتاب التجارات)

পরিচ্ছেদঃ ১২/৮. কুরআন মাজীদ শিক্ষাদানের বিনিময়ে পারিশ্রমিক গ্রহণ।

بَابِ الْأَجْرِ عَلَى تَعْلِيمِ الْقُرْآنِ

### আরবী

حَدَّثَنَا سَهْلُ بْنُ أَبِي سَهْلٍ، حَدَّثَنَا يَحْيَى بْنُ سَعِيدٍ، عَنْ ثَوْرِ بْنِ يَزِيدَ، حَدَّثَنَا خَالِدُ بْنُ مَعْدَانَ، حَدَّثَنِي عَبْدُ الرَّحْمَنِ بْنُ سَلْمٍ، عَنْ عَطِيَّةً الْكَلاَعِيِّ، عَنْ أُبَيِّ بْنِ كَعْبٍ، قَالَ عَلَّمْتُ رَجُلاً الْقُرْآنَ فَأَهْدَى إِلَىَّ قَوْسًا فَذَكَرْتُ ذَلِكَ لِرَسُولِ اللَّهِ ـ صلى الله عليه وسلم ـ فَقَالَ " إِنْ أَخَذْتَهَا أَخَذْتَ قَوْسًا مِنْ نَارٍ " . فَرَدَدْتُهَا .

#### বাংলা

২/২১৫৮। উবাই বিন কাব (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি এক ব্যক্তিকে কুরআন শিক্ষা দিলে সে আমাকে একটি ধনুক উপহার দেয়। আমি তা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের নিকট উল্লেখ করলে তিনি বলেনঃ তুমি এটি গ্রহণ করলে (জানবে যে,) তুমি জাহান্নামের একটি ধনুক গ্রহণ করেছো। অতএব আমি তা ফেরত দিলাম।

### **English**

It was narrated that Ubayy bin Ka'b said:

"I taught a man the Qur'an, and he gave me a bow. I mentioned that to the Messenger of Allah (ﷺ) and he said: 'If you accept it you will be accepting a bow of fire.' So I returned it."

## ফুটনোট

হাদিসটি ইমাম ইবনু মাজাহ এককভাবে বর্ণনা করেছেন। ইরওয়া ১৪৯৩।

তাহকীক আলবানীঃ সহীহ। উক্ত হাদিসের রাবী আব্দুর রহমান বিন সালম সম্পর্কে ইবনু হাজার আল-আসকালানী বলেন, তিনি মাজহুল বা অপরিচিত। (তাহযীবুল কামালঃ রাবী নং ৩৮৩৬, ১৭/১৪৮ নং পৃষ্ঠা) উক্ত হাদিসটি সহিহ



কিন্তু আব্দুর রহমান বিন সালম এর কারণে সানাদটি দুর্বল। হাদিসটির ১৯ টি শাহিদ হাদিস রয়েছে, তন্মধ্যে ৩ টি অধিক দুর্বল, ৭ টি দুর্বল, ৮ টি হাসান, ১ টি সহিহ হাদিস পাওয়া যায়। তন্মধ্যে উল্লেখযোগ্য হলঃ মু'জামুল আওসাত ৮০০০।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ উবাই ইবনু কা'ব (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন